খ) 'আধখানা চাঁদ আটকে আছে টেলিগ্রাফের তারে।'

— উদ্ধৃতাংশটির আলোকে কবি অশোক বিজয় রাহা রচিত 'একটি সন্ধ্যা' কবিতায় কবির অভিব্যক্তি প্রকাশ করো।

গ) 'একটিমাত্র সন্তানের জন্য জায়গাটি বড্ড বড় — হয়তো ওখানে শত কলসীতে ভরা আছে একশ সন্তান।' — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

ঘ) দীপক দেব রচিত 'গুলি আর গুলির শব্দ' — গল্পটি অবলম্বনে 'আখিরাই' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

ঙ) 'একুশের চিন্তা' প্রবন্ধে প্রাবন্ধিক বিশ্বজিৎ চৌধুরী একুশ পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাসের কথা উল্লেখ করেছেন — তা সংক্ষেপে আলোচনা করো।

চ) মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটক অবলম্বনে 'নেতা' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কবি স্বপন সেনগুপ্ত 'আজও কি বৃষ্টি হবেনা' — কবিতায় 'বৃষ্টি' ও 'প্রকৃতি রূপের' যে বর্ণনা দিয়েছেন তা কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) মীনাক্ষী সেন রচিত 'পরিত্রাণ' গল্প অবলম্বনে 'তোফাজ্জেল' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

গ) 'বাংলা সাহিত্যের তৃতীয় ভুবন' — প্রবন্ধে প্রাবন্ধিক বিজিত কুমার ভট্টাচার্য কেন তৃতীয় ভুবন প্রাসঙ্গিক বলে মনে করেছেন তা প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

ঘ) 'কবর' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

———————





# ২০২৪
# বাংলা
## (অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-2

(বাংলাদেশ ও বহির্বঙ্গে বাংলা ভাষায় রচিত সাহিত্য)

[ নতুন পাঠক্রম ]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'আর হতো না, তোমাকে ছাড়া সারাটা রাত

বেঁচে - থাকাটা আর হতো না'।

— কার লেখা, কোন রচনার অংশ?

খ) 'হাসানের জন্য এলিজি

রামপ্রসাদের কাছে ক্ষমা প্রার্থনাপূর্বক....।' — 'এলিজি' শব্দের অর্থ লেখো। 'রামপ্রসাদ' - বাংলা সাহিত্যে কীজন্যে বিখ্যাত?

[পরপৃষ্ঠায়]

গ) ''শেয়াল-ডাকা রাত্রি আসে যেই আসি ওর কাছে...'

— উদ্ধৃতাংশটি কার লেখা? কোন কবিতার অংশ?

ঘ) 'প্লুতস্বরে শুধু তোমাকে, হ্যাঁ তোমাকেই বলেছি;

দু'মুঠো ভালোবাসা দাও।...'

— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন কবিতার অংশ? 'তোমাকে' বলতে কবি কাকে বুঝিয়েছেন?

ঙ) 'কী আশ্চর্য, একটা ঘোরের মধ্যে আমি বলে ফেলি, একটু সবুর করো, মানুষ আসা দেখতে দাও আমাকে।'

— আলোচ্য অংশটি কার লেখা, কোন রচনার অংশ? কে, কাকে একথা বলেছেন?

চ) 'কচি বেলায় হাত মুঠো করে আমার বুকে ঘুমোত, গান শুনতে শুনতে কাঁধে মাথা রাখত যেন পৃথিবীর সবচেয়ে নিরাপদ জায়গায় পৌঁছে গেছে।'

— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? কার সম্পর্কে, কে একথা বলেছেন?

ছ) 'পাছড়ার প্যাঁচ খোলার ক্ষমতা নেই, আবার এসেছে লীলা করতে।'

— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? কে, কোন প্রসঙ্গে একথা বলেছেন?

জ) 'গতবারের দর পাবি। উশখুশ করে সবাই। কোনও কথা না। পোষালে দিবি, নইলে রাস্তা দেখ।'

— কে, কাকে একথা বলেছেন? কোন গল্পের অংশ?



ঝ) 'বুড়ো, আমাদের ওপর পুলিশ লেলিয়ে দিয়েছে ...'

— উদ্ধৃতাংশটিতে 'বুড়ো' বলতে কাকে বোঝানো হয়েছে? কার লেখা, কোন রচনার অংশ?

ঞ) '— পারে নাই গো, বন্ধু কইরা লাইছি। পাখুলি নাই'

— কে, কাকে একথা বলেছেন?

ট) 'মায়ের বড়ো মাতৃভূমিই, মায়ের প্রয়োজন ফুরোয়, মাতৃভূমি মৃত্যুর পরেও দরকার হয়।...'

— কার লেখা, কোন রচনার অংশ?

ঠ) '...শুধু তা নয়, মহাভারত ও রামায়ণ থেকেই উপমাদি অলংকারও জোগাড় করেছেন তাঁরা .....।

— কে একথা বলেছেন? এখানে 'তাঁরা' বলতে কাদেরকে বোঝানো হয়েছে?

ড) '... ভাষা চর্চাই হোক, কিংবা সাহিত্য চর্চাই হোক তা স্থান কাল নিরপেক্ষ নয়। ......' — কোথা থেকে অংশটি গৃহীত হয়েছে?

ঢ) 'সংগ্রামের ময়দানে ঐতিহ্য থেকে যদি আলো না আসে তা হলে সবরকমের সংগ্রামই বিফল হতে বাধ্য' — কার লেখা, কোন রচনার অংশ?

ণ) ''সব মাটিতেই পড়েছে স্যার, হাত দিয়ে দেখলাম। জায়গাটা ভিজে একেবারে কাদা কাদা হয়ে গেছে।' — কে, কাকে এই কথা বলেছে? রচনার নাম উল্লেখ করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) কবি নির্মলেন্দু গুণের লেখা 'মানুষ' কবিতাটির নামকরণ কতখানি যথার্থ হয়েছে তা কবিতা অবলম্বনে সংক্ষেপে বুঝিয়ে দাও।